

তিতুমীর কলেজে ছাত্রফন্টের মানববন্ধন কর্মসূচি পালন

কাগজ প্রতিবেদক : সমাজতান্ত্রিক ছাত্রফন্ট কেন্দ্রীয় কমিটির আহ্বানে জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজগুলোতে খতম পরীক্ষা হল। ক্লাসরুম নির্মাণ ও পর্যাপ্ত শিক্ক নিয়োগ করে সারা বছর ক্লাস চালু রাখার দাবিতে গতকাল মঙ্গলবার তিতুমীর কলেজে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। মানববন্ধনে ছাত্ররা প্রায়কার্তে কলেজের বিভিন্ন তথ্য উপস্থাপন করে।

মানববন্ধনের সমাবেশে বক্তারা জানিয়েছেন, জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী ন্যূনতম ১২ জন শিক্ক থাকার কথা থাকলেও কোনো বিভাগেই সেই সংখ্যক শিক্ক নেই। এছাড়া মোট ১৫ হাজার ছাত্রের বিপরীতে হোস্টেলের সিট ৩০০ এবং পরিবহনের জন্য মাত্র একটি বাস, যা কোনো ব্যবস্থা না থাকারই নামান্তর। রসায়ন বিভাগের ৪টি ব্যাচের জন্য ২টি, ইসলামের ইতিহাসে ৪টি ব্যাচের জন্য ১টি ক্লাস রুম রয়েছে। অনুরূপ অঙ্ক ছাত্র প্রায় সকল বিভাগের জন্যই প্রযোজ্য বলে মানববন্ধনে উল্লেখ করা হয়েছে।

আজ ১২ নভেম্বর মঙ্গলবার সকাল সাড়ে ১১টা থেকে বেলা সাড়ে ১২টা পর্যন্ত তেজগাঁও কলেজের সামনে মানববন্ধন কর্মসূচি পালিত হবে।

উল্লেখ্য, গত ৯ ও ১০ নভেম্বর একই দাবিতে ইডেন ও ঢাকা কলেজের সামনে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে।